# আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (২৬তম ব্যাচ) ও ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজের (১০ম ব্যাচ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

## বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ এমবিবিএস কোর্সে অভিন্ন প্রক্রিয়ায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত **সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ** (**AFMC**)-এ এএফএমসি ক্যাডেট এবং বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত **বেসরকারি ০৫(পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজে** বাংলাদেশি নাগরিকদের ক্যাডেট হিসেবে ভর্তি করা হবে।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২৪ অনুযায়ী **অনলাইনে (http://afmc.teletalk.com.bd)** নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদন করতে হবে।

০১. ক। ২০২৩ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২১ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান অথবা ২০২২ সালে এইচএসসি/'এ' লেভেল/সমমান ও ২০২০ সালে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের জিপিএ কমপক্ষে সর্বমোট ৯.০০ হতে হবে।

খ। প্রার্থীকে নিয়মিত এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন থাকতে হবে।

গ। শুধুমাত্র **'উপজাতীয়'** প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ গ্রহণযোগ্য হবে। তবে এককভাবে কোনো পরীক্ষার একটিতে গ্রেড পয়েন্ট ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

**ঘ। শর্ত থাকে যে, এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) বছরের মধ্যে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। ২০২০ সালের পূর্বে এসএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।**

ঙ। সকলের জন্য এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪.০০ না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০২. **শারীরিক যোগ্যতাঃ**

এএফএমসি এবং ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট প্রার্থীদের মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

০৩. এসএসসি/'ও' লেভেল/সমমান এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিত ভাবে মূল্যায়ন করা হবেঃ

| | | |
|---|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন | = ৭৫ নম্বর (সর্বোচ্চ) | মোট নম্বর = ৩০০ |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন | = ১২৫ নম্বর (সর্বোচ্চ) | |
| MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা | = ১০০ নম্বর | |

০৪. লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা = ৩০, রসায়নবিদ্যা = ৩০, জীববিজ্ঞান = ৩০, ইংরেজি = ০৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) = ০৫ (সিলেবাস ঃ এইচএসসি/সমমান)।

০৫. লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ৪০ এর কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে। উল্লেখ্য, শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

০৬. পূর্ববর্তী বছরের এইচএসসি/'ও' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করা হবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ইউনিটে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে সর্বমোট (Aggregated) নম্বর থেকে ১০.০০ (দশ) নম্বর কর্তন করে মেধাতালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

**০৭. অনলাইনে আবেদন শুরুর তারিখ: ১৪-০১-২০২৪ খ্রিঃ, রবিবার (সকাল ১১.০০ টা)**

**০৮. অনলাইনে আবেদনের শেষ তারিখ: ২৭-০১-২০২৪ খ্রিঃ, শনিবার (রাত ১১.৫৯ মি.)**

**০৯. অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ: অনলাইনে আবেদনের সময় হতে পরবর্তী ২৪ ঘন্টা।**

**১০. প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড): ১২-০২-২০২৪ খ্রিঃ, সোমবার হতে ১৫-০২-২০২৪ খ্রিঃ, বৃহস্পতিবার পর্যন্ত।**

**১১. ভর্তি পরীক্ষার তারিখ: ১৬-০২-২০২৪ খ্রি: (শুক্রবার, সকাল ১০.০০ টা হতে ১১.০০ টা পর্যন্ত মোট ০১ ঘন্টা)**

**১২. অনলাইনে আবেদনের ফি জমাদানের পর আবেদনকারী আবেদনের কোনো তথ্য পরিবর্তন বা সংশোধন করতে পারবেন না। ভুল (যদি হয়ে থাকে) সংশোধনের জন্য প্রার্থী পুনরায় ফি প্রদান সাপেক্ষে নতুনভাবে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সর্বশেষ আবেদনপত্রটি চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

১৩. অনলাইনে আবেদনপত্র/ফরম পূরণ করার সময় ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী (www.afmc.edu.bd) যথাযথভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফি-এর ১০০০/- (এক হাজার) টাকা শুধুমাত্র Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে (অফেরতযোগ্য)।

১৪. ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি (Prospectus, FAQ & Admission Advertisement) http://afmc.teletalk.com.bd ও অত্র কলেজের ওয়েব ঠিকানায় (www.afmc.edu.bd) পাওয়া যাবে। জরুরি প্রয়োজনে ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য afmc.amc.admission@gmail.com ঠিকানায় ই-মেইল এবং ০১৭৬৯০১৬৮০৬ ও ০১৭৬৯০১৬৮০৮ মোবাইল নম্বরে অফিস চলাকালীন (সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা) যোগাযোগ করা যাবে।

১৫. বিদেশি কারিকুলামে (O-Level/A-Level) পাশ করা বাংলাদেশি নাগরিক প্রার্থীগণকে Directorate General of Medical Education, Mohakhali, Dhaka হতে নিয়মানুযায়ী Equivalence Certificate ও ID নম্বর সংগ্রহ করতে হবে।

১৬. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে করা হবে।

১৭. নির্বাচিত প্রার্থীদের দেয়া কোনো তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৮. ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে 'ভর্তি পরীক্ষা কমিটি' এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**কমান্ড্যান্ট**
**আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ**
**ঢাকা সেনানিবাস**